

কেনিয়ার প্রেসিডেন্ট উহুরু কেনিয়াটাকে লিখিত প্রধানমন্ত্রীর চিঠির বয়ান

কেনিয়ার প্রেসিডেন্টকে লেখা চিঠিতে প্রধানমন্ত্রী নাইরোবির সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা করেন এবং গভীর সমবেদনা প্রকাশ করলেন।

প্রধানমন্ত্রীর চিঠির বয়ান নিম্নে দেওয়া হলো:

“মাননীয়,

নাইরোবির ওয়েস্টগেট মলে গতকালের নৃশংস সন্ত্রাসবাদী হানায় আমি গভীরভাবে বেদনাক্লান্ত এবং আঘাত পেয়েছি। এই ঘটনা স্পষ্টভাবে স্মরণ করিয়ে দেয় যে, সন্ত্রাসবাদের বিপদ এখনো ভয়ংকর চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জের মোকাবিলায় আন্তর্জাতিক দুনিয়াকে ঐক্যবদ্ধ এবং দীর্ঘমেয়াদী মোকাবিলা করতে হবে। ভারত এই জঘন্য মর্মান্বিত ঘটনার তীব্রভাষায় নিন্দা করছে। এই ঘটনায় দুই দেশের নাগরিক সহ নিরীহ মানুষের প্রাণ গিয়েছে।

এই দুঃখের সময় আমরা আপনার এবং আপনার সরকার ও কেনিয়ার জনতার সংগে সংহতি প্রকাশ করছি। নিহত পরিবারদের প্রতি আমাদের হৃদয়ের গভীর শোক এবং আহতদের দ্রুত আরোগ্য কামনার শুভেচ্ছাবার্তা দয়া করে পৌঁছে দিন। আমি নিশ্চিত মাননীয় প্রেসিডেন্ট এবং কেনিয়ার জনগণ এই বিয়োগান্তক ঘটনার মোকাবিলার করার শক্তি সঞ্চয় করবেন এবং সহনশীলতা দেখাবেন। একই সংগে সন্ত্রাসবাদী শক্তির দৃঢ়ভাবে মোকাবিলা করবেন। আপনাদের এই উদ্যোগে আমরা আপনাদের সহযোগিতা করতে প্রস্তুত।

মাননীয়, আমার সর্বোচ্চ বিবেচনার প্রতিশ্রুতি দয়া করে গ্রহণ করুন।

নয়াদিল্লি

২২ সেপ্টেম্বর ২০১৩